সংবাদ বিজ্ঞপ্তি

## বাংলাদেশে পরিবেশ সুরক্ষা ও টেকসই উন্নয়ন ত্বরান্বিত করতে দুর্নীতি প্রতিরোধ অপরিহার্য

**পরিবেশ ও দুর্নীতি বিষয়ক বিতর্ক প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের গভর্নর**

**ঢাকা, বুধবার, ৮ ডিসেম্বর ২০১০:** "বাংলাদেশে পরিবেশ সুরক্ষা ও টেকসই উন্নয়ন ত্বরান্বিত করতে দুর্নীতি প্রতিরোধ অপরিহার্য" বললেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান। আজ বিকেলে রাজধানীর ব্র্যাক সেন্টার ইন অডিটোরিয়ামে পরিবেশ ও দুর্নীতি বিষয়ক ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি আরো বলেন দুর্নীতি কমাতে পারলে বাংলাদেশ অনেক আগেই মধ্য আয়ের দেশে পরিণত হত। দুর্নীতি প্রতিরোধে সবক্ষেত্রে স্বচ্ছতা আনতে হবে। প্রত্যেকটি মন্ত্রণালয় এবং সকল প্রতিষ্ঠানে দুর্নীতি প্রতিরোধে পরিবীক্ষণ দল নিয়োগ করা প্রয়োজন বলে তিনি মনে করেন।

আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস ২০১০ উদযাপন উপলক্ষে ও ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)-র উদ্যোগে দুই দিনব্যাপি এ প্রতিযোগিতার আয়োজন করা হয়। এতে সহআয়োজক হিসেবে ছিল ব্র্যাক ইউনিভার্সিটি ডিবেটিং ক্লাব ও ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি ডিবেটিং ক্লাব। দেশের সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন কলেজ থেকে আগত প্রায় দুইশতাধিক তরুণ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

প্রতিযোগিতায় শ্রেষ্ঠ বিতাকিক নির্বাচিত হয়েছেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ছাত্র অমিত রায়হান। প্রথম রানার আপ ও দ্বিতীয় রানার আপ হয়েছে যথাক্রমে সাভারের এনাম মেডিকেল কলেজের হিরা লাল রায় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অঞ্জন কুমার সরকার। সন্ধ্যায় এক অনুষ্ঠানের মাধ্যমে বিজয়ীদের হাতে ক্রেস্ট ও সনদ তুলে দেয়া হয়। সমাপনী অনুষ্ঠানে কর্নেল মূর্তজা আলী (অব:), রেজিস্ট্রার, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি, এয়ার কমডোর ইসফাক ইলাহী চৌধুরী, রেজিস্ট্রার, ব্র্যাক ইউনিভার্সিটি এবং অন ইয়াং হং, এ্যাসিসট্যান্ট কান্ট্রি ডিরেক্টর, ইউএনডিপি বাংলাদেশ শুভেচ্ছা বক্তব্য রাখেন। এছাড়া স্বাগত বক্তব্য রাখেন টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান। অনুষ্ঠানে ব্র্যাক ইউনিভার্সিটির ড. তুরীন আফরোজ, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির কামরুল হাসানসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের বিপুল সংখ্যক শিক্ষক ও শিক্ষার্থী, টিআইবি'র ইয়েস সদস্যবৃন্দ এবং টিআইবি'র কর্মীগণ উপস্থিত ছিলেন। পরিবেশ ও দুর্নীতি বিষয়ক এ ছায়া সংসদ বিতর্ক প্রতিযোগিতায় মিডিয়া পার্টনার হিসেবে বাংলা ভিশন ও রেডিও এবিসি এবং কো-অপারেটিং অর্গানাইজেশন হিসেবে দ্য ডেইলি স্টার সহযোগিতা করেছে ।

উল্লেখ্য, বিতর্ক প্রতিযোগিতার পাশাপাশি বিকেলে একই স্থানে ইয়েস সদস্যদের মধ্যে দেয়ালিকা প্রতিযোগিতার আয়োজন করা হয়। দেয়ালিকা প্রতিযোগিতার মূল প্রতিপাদ্য ছিল 'সুশাসিত স্বদেশ, সকলের সমান অধিকার, চাই কার্যকর দুর্নীতি প্রতিরোধ।

**গণমাধ্যম যোগাযোগ**

এস. এম. রিজওয়ান-উল-আলম
পরিচালক-আউটরিচ এন্ড কমিউনিকেশন
ই-মেইল: rezwan@ti-bangladesh.org
ফোন: ০১৭১৩০৬৫০১২